



# ঢাকা বিশ্ববিদ্যালয়

## 'ক' ইউনিট

### ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির ভর্তি নির্দেশিকা

ভর্তি পরীক্ষা : ২১ অক্টোবর ২০১৬, শুক্রবার, সকাল ১০:০০ টা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ক' ইউনিটের অধিভুক্ত বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট ও ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজিতে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

বিভিন্ন বিভাগে/ইনস্টিটিউটে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা (কোটা ব্যতীত)  
(ফার্মেসী অনুষদে ৫ বছর মেয়াদী ও অন্যান্য অনুষদে/বিভাগে ৪ বছর মেয়াদী কোর্স)

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	আসন সংখ্যা
বিজ্ঞান অনুষদ	পদার্থ বিজ্ঞান	১৪০
	গণিত	১৩০
	রসায়ন	৯০
	পরিসংখ্যান, প্রাণপরিসংখ্যান ও তথ্যপরিসংখ্যান	৮৮
	ফলিত গণিত	৬০

জীববিজ্ঞান অনুষদ	মৃত্তিকা, পানি ও পরিবেশ	১২০
	উদ্ভিদ বিজ্ঞান	৭৫
	প্রাণিবিদ্যা	১০০
	প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	৬০
	মনোবিজ্ঞান	৪৫
	অণুজীব বিজ্ঞান	৪০
	মৎস্য বিজ্ঞান	৩০
	জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি	১৭
ফার্মেসী অনুষদ	ফার্মেসী	৬৫
আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ	ভূগোল ও পরিবেশ	৫০
	ভূতত্ত্ব	৫০
	সমুদ্রবিজ্ঞান	২০
	দূর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা	৩০
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ	ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং	৭০
	ফলিত রসায়ন ও কেমি-কৌশল	৬০
	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৬০
	নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং	২৫
	রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	২০
পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট	ফলিত পরিসংখ্যান	৫০
পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট	পুষ্টি ও খাদ্য বিজ্ঞান	৩৫
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট	সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং	৩০
লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট	লেদার ইঞ্জিনিয়ারিং	৪০
	ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং	৪০
	লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং	৪০
		মোট: ১৬৮০

## প্রাথমিক আবেদনপত্র

- ১। 'ক' ইউনিটের অধীনে বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সস এবং ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অন্তর্ভুক্ত বিভাগ/বিষয়সমূহ, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট এবং লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য ২২ আগস্ট ২০১৬ সকাল ১০:০০ টা হতে ০৭ সেপ্টেম্বর ২০১৬ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে দরখাস্ত করতে হবে। ভর্তির নিদেশিকা অনলাইনে পাওয়া যাবে।
- ২। অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয়:
- ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট (<http://admission.eis.du.ac.bd>) এ ভর্তির সাধারণ নির্দেশাবলী থাকবে। এই সাইটে আবেদনকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট-এর ভর্তিসংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবে। আবেদন করার পূর্বে ভর্তিসংক্রান্ত নির্দেশিকা ও ওয়েবসাইট নির্দেশিকা ভালো করে পড়তে হবে।
- খ) 'ক' ইউনিট-এ ভর্তির আবেদন করার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ওয়েবসাইট-এর 'আবেদন/লগইন' বাটনে ক্লিক করতে হবে।
- গ) 'আবেদন/লগইন' বাটনে ক্লিক করার পর 'আবেদন/লগইন' এর তথ্যের পাতায় আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রোল নম্বর প্রদান করে "অগ্রসর হোন" বাটনে ক্লিক করতে হবে এবং পরবর্তী পাতায় আবেদনকারীর উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি এবং আবেদনকারী যে সকল ইউনিটে আবেদন করার যোগ্যতা রাখে তা দেখা গেলে 'নিশ্চিত করছি' বাটন-এ ক্লিক করতে হবে।
- ঘ) আবেদনকারী ইতোমধ্যে কোনো ইউনিটে আবেদন না করে থাকলে ওয়েবসাইটের মাধ্যমে আবেদনকারীর নির্দিষ্ট ফর্ম্যাটে ছবি, ব্যক্তিগত মোবাইল নম্বর ও কোটার তথ্য চাওয়া হবে। তবে যেকোনো ইউনিটে ইতোমধ্যে আবেদন করে থাকলে তথ্যগুলো পুনরায় দিতে হবে না।
- ঙ) ছবি এবং অন্যান্য তথ্যাবলি দেয়া হলে পরবর্তী পাতায় সেগুলো নিশ্চিত করতে বলা হবে। নিশ্চিত করার জন্য আবেদনকারীকে যেকোনো মোবাইল অপারেটরের নম্বর থেকে একটি এসএমএস ১৬৩২১ নম্বরে পাঠাতে হবে। এসএমএস-টির ফরম্যাট আবেদনকারী সেই পাতায় দেখতে পাবে। এসএমএস-টি পাঠানো হলে ফিরতি এসএমএস-এ আবেদনকারী ৭(সাত) অক্ষরের একটি কনফার্মেশন কোড পাবে। এই কনফার্মেশন কোডটি আবেদনকারী পাতার নির্ধারিত স্থানে দেয়ার পর 'নিশ্চিত করছি' বাটনে ক্লিক করতে হবে।
- চ) সঠিক কনফার্মেশন কোড দেয়া হলে আবেদনের মূলপাতা দেখা যাবে। এই পাতার মাধ্যমে আবেদনকারী 'ক' ইউনিটে আবেদন করে টাকা জমার রসিদ সংগ্রহ করতে পারবে। এ জন্য 'ক' ইউনিটের পাশের 'আবেদন' বাটনে ক্লিক করতে হবে। 'আবেদন' বাটনে ক্লিক করার পর উক্ত ইউনিটের 'আবেদন' বাটনটির স্থানে একটি সবুজ রঙের টিক্ চিহ্ন দেখা যাবে এবং 'ক' ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ)-এর ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে। এছাড়া পরবর্তীতে এই পাতা থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিটের ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ বা আসন বিন্যাস, ফলাফল ইত্যাদি জানতে পারবে।

- ছ) উপর্যুক্ত পাতা থেকে 'ক' ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্কে ক্লিক করে রসিদটি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে। পেমেন্ট স্লিপটির দুইটি অংশ থাকবে: উপরেরটি আবেদনকারীর অংশ এবং নিচেরটি ব্যাংকের অংশ।
- জ) টাকা জমার রসিদের তথ্যসমূহ ও আবেদনকারীর ছবি সঠিক আছে কিনা যাচাই করে নিতে হবে। এরপর টাকা জমার রসিদের দুইটি অংশেই নির্ধারিত স্থানে আবেদনকারী স্বাক্ষর করে ০৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখের মধ্যে রসিদে উল্লিখিত পরিমাণ টাকা (ভর্তি পরীক্ষার ফি, অনলাইন সার্ভিস ফি ও ব্যাংক চার্জ) দেশের ৪টি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংকের (জনতা, সোনালী, অগ্রণী ও রূপালী) যেকোনো শাখায় গিয়ে ব্যাংক চলাকালীন সময়ে জমা দিতে হবে। ব্যাংক কর্তৃপক্ষ টাকা জমার প্রমাণস্বরূপ টাকা জমার রসিদের আবেদনকারীর অংশ কেটে আবেদনকারীকে ফেরত দিবে।
- ঝ) ক ইউনিটে আবেদনকারীর ব্যাংকে টাকা জমা দেয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে এবং আবেদনকারী ১৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ হতে ২১ অক্টোবর ২০১৬ তারিখ (সকাল ৯:০০ টা) এর ভিতর তার ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।
- ঞ) প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার Roll No. ও Serial No. থাকবে। প্রবেশপত্রের নির্দেশাবলিতে উল্লিখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ট) আবেদনকারী মাধ্যমিক / উচ্চ মাধ্যমিকের যেকোনো একটিতে বা উভয়টিতে IGCSE O-Level/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী হলে তাদের O-Level/A-Level অথবা বিদেশি ডিগ্রির সমতা নিরূপণ (Equivalence) করার পর সমতা নিরূপণ সনদপত্রে উল্লিখিত 'Equivalent ID' মাধ্যমিক/উচ্চমাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথানিয়মে টাকা জমা দেওয়ার রসিদ সংগ্রহ করতে পারবে।
- ঠ) IGCSE O-Level/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য 'ক' ইউনিটের অফিসে (ডিন, ফার্মেসী অনুষদের অফিস) তার গ্রেডশীট/ মার্কশীটসমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং সমতা নিরূপণ ফি প্রদান করতে হবে। সমতা নিরূপণের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপণ সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে।

## ভর্তির ন্যূনতম যোগ্যতা

- ৪। প্রার্থীকে ২০১১ থেকে ২০১৪ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৬ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় A-Level বা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) গ্রেডভিত্তিক পরীক্ষার প্রতিটিতে পৃথকভাবে ৪র্থ বিষয় সহ ন্যূনতম ৩.৫ জিপিএ সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ হতে হবে। GCE বা বিদেশি ডিগ্রিধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে।
- ৫। যে-সকল প্রার্থী ২০১১ অথবা তার পরে পাসকৃত IGCSE O- Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০১৬ সালের A-Level পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (O-Level ও A- Level-এর সর্বশেষ পরীক্ষার সনকে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ৪টি বিষয়ে অন্তত B গ্রেড, অপর ৩টি বিষয়ে অন্তত C গ্রেড পেয়েছে (কোন বিষয়েই D গ্রেড গ্রহণযোগ্য নহে) তাদেরকে এবং অন্যান্য ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী শিক্ষার্থীগণকে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদনের পূর্বেই 'ক' ইউনিটের অফিসে (ডিন, ফার্মেসী অনুষদের অফিস) প্রয়োজনীয় কাগজপত্র সমতা নিরূপণের জন্য অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ফি ১০০০/- (এক হাজার টাকা) জমা প্রদানের রসিদসহ জমা দিতে হবে। ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীকে সমতা নিরূপণের জন্য উচ্চ মাধ্যমিকের সমমানের পরীক্ষা পাশের প্রমাণসহ তার উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সকল বিষয়ের বিস্তারিত পাঠ্যসূচি (Syllabus) অনুলিপি জমা দিতে হবে। ডিন কর্তৃক প্রদত্ত সমতা নিরূপণের সার্টিফিকেটে উল্লিখিত 'Equivalent ID' ব্যবহার করে সাধারণভাবে ভর্তির আবেদন করতে হবে।

## ভর্তি পরীক্ষা

- ৬। ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে 'ক' ইউনিটের ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- খ) ভর্তি পরীক্ষা ২১ অক্টোবর ২০১৬, শুক্রবার, সকাল ১০:০০ টা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ১ ঘণ্টা ৩০ মিনিট।
- গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১২০টি প্রশ্নের জন্য মোট নম্বর হবে ১২০।
- ৭। ভর্তি পরীক্ষার প্রশ্ন উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যসূচি অনুযায়ী হবে এবং
- ক) প্রত্যেক প্রার্থীকে মোট ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি বিষয়ের জন্য মোট নম্বর ৩০।
- খ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।
- গ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অধ্যয়ন করেছে তারা এ সকল বিষয়ে পরীক্ষা দিবে। তবে কোনো প্রার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ে পরীক্ষা দিতে পারবে।
- ঘ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে উপর্যুক্ত ৪টি বিষয়ের মধ্যে যেসব বিষয় (সর্বোচ্চ দু'টি)

অধ্যয়ন করেনি, তাদেরকে সেগুলোর পরিবর্তে বাংলা অথবা/এবং ইংরেজি বিষয়ে পরীক্ষা দিয়ে মোট চারটি বিষয় পূরণ করতে হবে।

৬) একজন প্রার্থী যে ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দেবে তার উপর নির্ভর করবে সে কোন বিভাগে/বিষয়ে ভর্তি হতে পারবে। এই নির্দেশিকার ১৬ নং ধারায় বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির জন্য কোন্ কোন্ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক এবং বিষয়গুলোতে ভর্তি পরীক্ষায় ন্যূনতম কত নম্বর পেতে হবে তা উল্লেখ করা হয়েছে।

- ৮। ভর্তি পরীক্ষার পাস নম্বর ৪৮। যারা ৪৮ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।
- ৯। ভর্তি পরীক্ষার MCQ পদ্ধতির নিধারিত উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ ঘর পূরণ করার উপযোগী কালো কালির বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি MCQ উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে কোন ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে।
- ১০। উত্তরপত্রে Roll No., Serial No. ও Set Code না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় কোনোপ্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোনো প্রকার ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ যেকোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।
- ১২। ভর্তি পরীক্ষার আগের দিন 'ক' ইউনিটের অফিস (ডিন, ফার্মেসী অনুষদের অফিস) থেকে প্রার্থীকে তার Roll No. ও Serial No. অনুসারে পরীক্ষার নির্দিষ্ট স্থান ও সময় অবশ্যই নিজ দায়িত্বে জেনে নিতে হবে। নির্ধারিত আসনে পরীক্ষা না দিলে উত্তরপত্র মূল্যায়ন করা হবে না। এছাড়াও ভর্তি পরীক্ষার বিস্তারিত আসন বিন্যাস (Seat Plan) ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (<http://admission.eis.du.ac.bd>) দেখা যাবে।

## মেধাক্ষোর ও মেধাক্রম

- ১৩। ক) মোট ২০০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাক্ষোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএ কে ১৫%; উচ্চ মাধ্যমিক/A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএ কে ২৫% এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে ৬০% আপেক্ষিক গুরুত্ব দিয়ে ২০০ নম্বরের মধ্যে মেধাক্ষোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।
- খ) মেধাক্ষোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে :
- ১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর
  - ২) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without 4<sup>th</sup> Subject
  - ৩) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4<sup>th</sup> Subject
  - ৪) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4<sup>th</sup> Subject
  - ৫) HSC/সমমানের পরীক্ষায় চারটি বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত GP এর যোগফল।

গ) O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে;  
A=5.0 B= 4.0 C=3.5

ঘ) যারা ভর্তি পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ৪৮-এর কম নম্বর পাবে তাদের মেধাক্ষেত্র হিসাব করা হবে না।

১৪। মেধাক্ষেত্রের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা 'ক' ইউনিটের অফিস (ডিন, ফার্মেসী অনুমদের অফিস)-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার এক সপ্তাহের মধ্যে প্রকাশ করা হবে। ফলাফল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটেও (<http://admission.eis.du.ac.bd>) পাওয়া যাবে।

১৫। মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে পাঁচ কার্য দিবসের মধ্যে কার্জন হল এলাকার অগ্রণী ব্যাংকের শাখায় ১০০০ টাকা নিরীক্ষা ফিস জমা দিয়ে 'ক' ইউনিট প্রধান (ডিন, ফার্মেসী অনুমদ) বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

১৬। বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা:

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর
বিজ্ঞান অনুষদ	পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান A এবং গণিত A	পদার্থ বিজ্ঞান 12 এবং গণিত 12
	গণিত	গণিত A	গণিত 15
	রসায়ন	রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B	রসায়ন 12
	পরিসংখ্যান, প্রাণ-পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান	গণিত A	গণিত 15
	ফলিত গণিত	গণিত A এবং পদার্থ বিজ্ঞান A-	গণিত 15
জীববিজ্ঞান অনুষদ	মৃত্তিকা, পানি ও পরিবেশ	রসায়ন B এবং (গণিত B অথবা জীববিজ্ঞান B)	রসায়ন 12
	উদ্ভিদ বিজ্ঞান	জীববিজ্ঞান B	জীববিজ্ঞান 12
	প্রাণিবিদ্যা	জীববিজ্ঞান B	জীববিজ্ঞান 14
	প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান	রসায়ন A- এবং গণিত B এবং জীববিজ্ঞান B	রসায়ন 15 এবং জীববিজ্ঞান 15
	মনোবিজ্ঞান	শর্ত নাই	শর্ত নাই

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর
	অনুজীব বিজ্ঞান	রসায়ন A- এবং (জীববিজ্ঞান A- অথবা গণিত B)	রসায়ন 15 এবং জীববিজ্ঞান 15
	মৎস্য বিজ্ঞান	জীববিজ্ঞান B এবং গণিত B	জীববিজ্ঞান 14
	জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি	রসায়ন B এবং জীববিজ্ঞান B এবং গণিত B	রসায়ন 12 এবং জীববিজ্ঞান 15
ফার্মেসী অনুষদ	ফার্মেসী	রসায়ন A এবং গণিত B এবং জীববিজ্ঞান A-	রসায়ন 15 এবং জীববিজ্ঞান 15
আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ	ভূগোল ও পরিবেশ	ভূগোল A অথবা পদার্থ বিজ্ঞান B অথবা গণিত B অথবা জীববিজ্ঞান B	পদার্থ বিজ্ঞান 12 অথবা গণিত 12 অথবা জীববিজ্ঞান 12
	ভূতত্ত্ব	গণিত A এবং পদার্থ বিজ্ঞান B+ এবং রসায়ন B+	গণিত 13 এবং (পদার্থ বিজ্ঞান 12 অথবা রসায়ন 12)
	সমুদ্রবিজ্ঞান	গণিত A , পদার্থ বিজ্ঞান A, জীববিজ্ঞান A এবং রসায়ন B	গণিত 13 , পদার্থ বিজ্ঞান 12, জীববিজ্ঞান 12 এবং রসায়ন 12)
	দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা	পদার্থ বিজ্ঞান A গণিত A এবং রসায়ন A	পদার্থ বিজ্ঞান 15 এবং গণিত 15 অথবা রসায়ন 12
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ	ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান A এবং গণিত A	পদার্থ বিজ্ঞান 12 এবং গণিত 12
	ফলিত রসায়ন ও কেমি-কৌশল	রসায়ন B এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B	রসায়ন 12 এবং গণিত 12 এবং পদার্থ বিজ্ঞান 12
	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান B এবং গণিত B	পদার্থ বিজ্ঞান 18 এবং গণিত 18
	নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান A- এবং গণিত A-	পদার্থ বিজ্ঞান 12 এবং গণিত 12
	রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	পদার্থ বিজ্ঞান A , গণিত A এবং রসায়ন B	পদার্থ বিজ্ঞান 15 , গণিত 15 এবং রসায়ন 12
	পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট	ফলিত পরিসংখ্যান	গণিত A
পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট	পুষ্টি ও খাদ্য বিজ্ঞান	রসায়ন B এবং জীববিজ্ঞান B	রসায়ন 12 এবং জীববিজ্ঞান 12

অনুষদ/ইনস্টিটিউট	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড	ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর
তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট	সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং	গণিত A পদার্থ বিজ্ঞান A	পদার্থ বিজ্ঞান 15 এবং গণিত 15
ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি	লেদার ইঞ্জিনিয়ারিং	রসায়ন B এবং গণিত C এবং পদার্থ বিজ্ঞান C	রসায়ন 12
	ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং	রসায়ন B এবং গণিত C এবং পদার্থ বিজ্ঞান C	রসায়ন 12
	লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং	রসায়ন B এবং গণিত C এবং পদার্থ বিজ্ঞান C	রসায়ন 12

১৭। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে Choice ফরম পূরণ করতে হবে। পরবর্তীতে Choice এবং ভর্তি পরীক্ষার মেধা ও ভর্তির যোগ্যতা অনুযায়ী বিষয় বন্টনের তথ্য অনুষদের নোটিশ বোর্ডে দেয়া হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটেও (<http://admission.eis.du.ac.bd>) দেখা যাবে। সেই অনুযায়ী SSC এবং HSC এর মূল নম্বরপত্রী ডীন অফিসে জমা দিতে হবে।

## বিবিধ

- ১৮। কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৯। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ২০। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি এবং/অথবা ভর্তি-পরীক্ষা এবং/অথবা বিভাগ/বিষয়-এ মনোনয়ন বাতিল করা হবে।
- ২১। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র জমা দিতে হবে। তাছাড়া অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্রও জমা দিতে হবে।
- ২২। ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), মুক্তিযোদ্ধার সন্তান (নাতি-নাতনীসহ), উপজাতি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও খেলোয়ার (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপি থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা) কোটায় ভর্তির আবেদনের সুযোগ পাবে। যারা অনলাইনে আবেদন করার সময় কোটায় টিক্ দিবে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পুনরায় আবেদন করতে পারবে। কোটায় সপক্ষে প্রয়োজনীয়

কাগজপত্র ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ দিনের মধ্যে ফার্মেসী অনুষদের অফিসে জমা দিতে হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/অফিস-এর চেয়ারম্যান/পরিচালক/অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র, আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসীর প্রধান/জেলা প্রশাসন-এর সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র, প্রতিবন্ধীদের (দৃষ্টি, বাক ও শ্রবণ) ক্ষেত্রে সঠিকতার সনদপত্র একং খেলোয়ার কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক প্রদত্ত সনদ জমা দিতে হবে।

২৩। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদনপত্র জমাদানের তারিখ: ২২ আগস্ট ২০১৬ থেকে ০৭ সেপ্টেম্বর ২০১৬

পরীক্ষার তারিখ: ২১ অক্টোবর ২০১৬, শুক্রবার, সকাল ১০:০০ টা

ফল প্রকাশ: ভর্তি পরীক্ষার ১ সপ্তাহের মধ্যে

'ক' ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা:

ফার্মেসী অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোনঃ ৯৬৬১৯০০-৭৩ এক্সঃ ৪৩৬৩, ৪৩৬৪